বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
BANGLADESH INLAND WATER TRANSPORT AUTHORITY
BIWTA BHABAN, 141-143, MOTIJHEEL C/A, DHAKA-1000
এস্টেট ও আইন বিভাগ, এস্টেট শাখা।

# পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঝালকাঠী জেলাধীন গাবখান-ভারনী খালের পার্শ্বস্থ বিআইডব্লিউটিএ'র নিয়ন্ত্রণাধীন ০১নং প্লটের ৩.৫৭ একর ভূমি যার প্রাক্কলিত মূল্য ৩৬,০০০/-(ছত্রিশ হাজার), ০২নং প্লটের ৭.৩৯ একর ভূমি যার প্রাক্কলিত মূল্য ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) ও ১০নং প্লটের ১.০৭ একর ভূমি যার প্রাক্কলিত মূল্য ১১,০০০/-(এগার হাজার) টাকায় কৃষি কাজে ব্যবহারের জন্য বাৎসরিক নবায়ন ভিত্তিতে লাইসেন্স প্রদান করা হবে।

২। লাইসেন্স গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিআইডব্লিউটিএ'র হিসাব বিভাগ, মতিঝিল, ঢাকা (৯ম তলা), ক্যাশ শাখা হতে ১০০০/-(এক হাজার) টাকা মূল্য মানের মানি রশিদসহ এস্টেট ও আইন বিভাগের, এস্টেট শাখা হতে প্রত্যেক প্লটের জন্য আলাদা আলাদা আবেদন ফরম সংগ্রহ ও উক্ত ফরম যথাযথভাবে পূরণ পূর্বক পরিচালক, এস্টেট ও আইন বিভাগ(২য় তলা), বিআইডব্লিউটিএ ভবন, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা বরাবরে আগামী ১৯/০৮/২০২৬খ্রি: তারিখ ১০.০০ ঘটিকা হতে ১৪.৩০ ঘটিকার মধ্যে সীলমোহরযুক্ত উন্মুক্ত দরপত্র আহবান করা যাচ্ছে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না এবং ঐ দিনই ১৪.৪৫ ঘটিকায় দরদাতা বা তাঁর নিযুক্ত উপযুক্ত প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে। উল্লেখ্য, আবেদন ফরমের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি, ইউনিয়ন পরিশোধের চেয়ারম্যান/ওয়ার্ড কাউন্সিলার কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০২(দুই) কপি ছবিসহ আবেদন করতে হবে।

৩। দরপত্রের সাথে প্রত্যেক প্লটের জন্য উদ্ধৃত দরের ২৫% (শতকরা পঁচিশ ভাগ) আর্নেস্ট মানি, ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট ও ১০% (শতকরা দশ ভাগ) আয়কর হিসাবে আলাদা আলাদা পে-অর্ডার/ব্যাংক ড্রাফট বিআইডব্লিউটিএ'র অনুকূলে জমা দিতে হবে। সফল দরদাতাকে লাইসেন্স বরাদ্দ প্রদানের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) লাইসেন্স ফি বিআইডব্লিউটিএ'র অনুকূলে জমা প্রদান করতে হবে। অন্যথায় আর্নেস্ট মানি বাজেয়াপ্ত করা হবে। কর্তৃপক্ষ যে কোন সময় সকল দরপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(মো: আজমল হুদা মিঠু সরকার)
উপপরিচালক(এস্টেট)

নথি নং-১৮.১১.০০০০.২৪৬.৪৬.০১৪.২৬/ ২৫৯

তারিখ:০৯/০৮/২০২৬খ্রি:।

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

১। পরিচালক, প্রশাসন ও মানব সম্পদ বিভাগ, বিআইডব্লিউটিএ ,ঢাকা।
২। পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা (১,০০০/-টাকা মূল্যের মানি রশিদ সরবরাহের অনুরোধসহ)।
৩। পরিচালক, এস্টেট ও আইন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
৪। সিস্টেম এনালিষ্ট, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা(বিজ্ঞপ্তিটি কর্তৃপক্ষের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫। নির্বাহী প্রকৌশলী, বরিশাল ডিভিশন,বিআইডব্লিউটিএ, বরিশাল (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৬। বন্দর ও পরিবহন কর্মকর্তা, বরিশাল নদী বন্দর, বন্দর ও পরিবহন বিভাগ,বিআইডব্লিউটিএ, বরিশাল (নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
৭। জনসংযোগ কর্মকর্তা, বিআইডব্লিউটিএ, ঢাকা (বিজ্ঞপ্তিটি সর্বোসাধারণের অবগতির জন্য ০২(দুই)টি বহুল প্রচারিত দৈনিক জাতীয় পত্রিকায় ও ০১(এক)টি দৈনিক স্থানীয় পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ) ।
৮। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
৯। সদস্য(পরিকল্পনা ও পরিচালন) মহোদয়েরব্যক্তিগত কর্মকর্তা, বিআইডব্লিউটিএ, ঢাকা।
১০। সদস্য(অর্থ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা ,বিআইডব্লিউটিএ, ঢাকা।
১১। নথি কপি।

০৯/০৮/২৬
উপপরিচালক (এস্টেট)

Afzal Com/All F/All Nobayon-2025-2026